

জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.janatabank-bd.com

নির্দেশ বিজ্ঞপ্তি নং-৮১৭/১৮

তারিখ : ২৪ মে, ২০১৮ খ্রীষ্টাব্দ
১০ জৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/ বিভাগীয় কার্যালয়
লোকাল অফিস/ জনতা ভবন
কর্পোরেট শাখা/ এরিয়া অফিস/ সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

**বিষয় : সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতা বিতরণ সহজীকরণ, আধুনিকায়ণ এবং যথাসময়ে ভাতার অর্থ
ভাতাভোগীদের অনুকূলে বিতরণ প্রসঙ্গে।**

দেশের সার্বিক উন্নয়নে মানবিক উন্নয়ন ও দারিদ্রের সুশাসন অত্যন্ত জরুরী।

সাংবিধানিক বাধ্যবাধকতা পরিপালন, দরিদ্র, ঝুঁকিপূর্ণ ও অনগ্রসর জনগোষ্ঠীর সুরক্ষা কৌশল হিসেবে, দরিদ্র জনগোষ্ঠীর নৈমিত্তিক জীবন যাপন সহজীকরণ, তাদের মনোবল জোরদারকরণ, শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে বেকার যুবসমাজকে উন্নয়নের মূলধারায় আনয়ন এবং ঝুঁকিপূর্ণ শিশুদের ঝুঁকি নিরসনে কার্যকর হাতিয়ার হিসেবে সামাজিক নিরাপত্তা কর্মসূচী বর্তমানে সরকারের অগ্রাধিকার কর্মসূচীসমূহের অন্যতম। এতে করে প্রায় ৬০ লক্ষ দরিদ্র ও অসহায় মানুষ উপকৃত হচ্ছে এবং সামাজিক নিরাপত্তা কর্মসূচী দ্বারা জিডিপি প্রায় ২.৪৪% প্রবৃদ্ধি ঘটছে।


জনতা ব্যাংক লিমিটেড এর মাধ্যমে সমাজ সেবা অধিদফতর কর্তৃক পরিচালিত কর্মসূচীসমূহের মধ্যে (১) বয়স্ক ভাতা (২) বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা (৩) অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা উপকারভোগীদের মাঝে বিতরণ করা হচ্ছে।


এ বিষয়ে প্রতি ০৩ মাসে একবার অর্থাৎ বছরে ০৪ (চার) টি কিস্তিতে বরাদ্দকৃত অর্থ উপকারভোগীদের মাঝে বিতরণ তথা প্রতি কিস্তির টাকা উক্ত কিস্তি বিতরণের জন্য বরাদ্দ সময়ের মধ্যেই উপকারভোগীদের মাঝে বিতরণের সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। কিন্তু জনতা ব্যাংকের কোন কোন শাখা সঠিক সময়ে প্রতি কিস্তির অর্থ উপকার ভোগীদের মাঝে বিতরণ করছে না মর্মে সমাজ সেবা অধিদফতর অভিযোগ উত্থাপন করেছে, অর্থাৎ জনতা ব্যাংকের কোন কোন শাখা প্রতি কিস্তির অর্থ যথাসময়ে বিতরণ না করে ২/৩ টি কিস্তির অর্থ একত্রে বিতরণ করছে, যা সরকারী নীতিমালার পরিপন্থী। ফলে এই ক্ষীমের আসল উদ্দেশ্য ব্যাহত হচ্ছে। এ ছাড়াও যথাসময়ে কিস্তির অর্থ হাতে না পাওয়ায় নিঃস্ব দরিদ্র মানুষগুলোর নৈমিত্তিক জীবন যাপন প্রায় অসম্ভব হয়ে পরে যা কোনভাবেই কাম্য হতে পারে না।

এরূপ অনিয়মের বিষয়ে সমাজ সেবা অধিদফতর অধিকতর নজরদারী শুরু করেছে। যদি কোন নির্দিষ্ট শাখার বিষয়ে এরূপ অভিযোগ প্রতিষ্ঠিত হয় তবে তা শাস্তিযোগ্য অপরাধ হবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা দায়ী হবে। তবে নিয়ন্ত্রণকারী এরিয়া অফিস ও বিভাগীয় কার্যালয় তাদের রুটিন মাসিক শাখা পরিদর্শনের সময় বিষয়টি নিশ্চিত করবেন।

এমতাবস্থায়, ভাতা বিতরণের বিষয়ে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য নিয়ন্ত্রণকারী এরিয়া অফিস ও বিভাগীয় কার্যালয়সমূহকে প্রয়োজনীয় নজরদারী এবং ভাতা বিতরণকারী শাখাসমূহকে যথানিয়মে কিস্তি বিতরণের নির্দেশ প্রদান করা হল।

আপনার বিশ্বস্ত,


(মোঃ আবদুর রউফ)
উপ মহাব্যবস্থাপক


(মোঃ শামসুল হক)
মহাব্যবস্থাপক